



৩৫ ৭৬ ৩৮

# জাকস্‌ নিৰ্বাচনে ছাত্র সংগ্রাম পরিষদের পূর্ণ প্যানেল জয়ী



এনামুল হক শামী



আজিজুল হাসান চৌধুরী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)  
 জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
 কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকস্‌)  
 নিৰ্বাচনে ছাত্র সংগ্রাম পরিষদ  
 মনোনীত এনামুল-আজিজুল  
 পরিষদ পূর্ণ প্যানেলে বিজয়ী  
 হয়েছে।

গতকাল সকালে নিৰ্বাচন কমি  
 শন বেসরকারীভাবে জাকস্‌ ও  
 ৬টি হল সংসদ নিৰ্বাচনের ফল  
 ঘোষণা করেন।

জাকস্‌ নিৰ্বাচনে এনামুল হক  
 ৩-এর পূর্ণ দূঃ

## জাকস্‌ নিৰ্বাচন

(প্রথম পৃঃ পর)  
 শামী ভিপি এবং আজিজুল  
 হাসান চৌধুরী শাহীন জিএস  
 নিৰ্বাচিত হন। নিৰ্বাচনে এই  
 পরিষদের নিকটতম প্রতিদ্বন্দী  
 ছিল জাতীয়তাবাদী ছাত্রদল মনো-  
 নীত মামুন-আশরাফ পরিষদ।

জাকস্‌র ভিপি পদে ছাত্রলীগ  
 (সু-র) বিশ্ববিদ্যালয় শাখার সভা  
 পতি এনামুল হক শামী অর  
 নিকটতম প্রতিদ্বন্দী জাতীয়তা-  
 বাদী ছাত্রদলের মামুনের রহমানের  
 চেয়ে মাত্র ২৪ ভোট বেশী পেয়ে  
 জয়লাভ করেন। তার প্রাপ্ত ভোট  
 হচ্ছে ৯৭ ১২।

জিএস পদে সমাজতান্ত্রিক ছাত্র  
 ফ্রন্টের আজিজুল হাসান চৌধুরী  
 শাহীন তার নিকটতম প্রতিদ্বন্দী  
 জাতীয়তাবাদী ছাত্রদলের আশরাফ  
 উদ্দিন খানের চেয়ে মাত্র ১৭ ভোট  
 বেশী পেয়ে জয়লাভ করেন। তার  
 প্রাপ্ত ভোট হচ্ছে ৯৭ ৩৪।

জাকস্‌তে সর্বাধিক ভোট পেয়ে  
 ছেন সাহিত্য সম্পাদক পদে ছাত্র-  
 লীগের (আ-মে) জিক্সর রহ-  
 মান। তার প্রাপ্ত ভোট হচ্ছে এক  
 হাজার ৫৭।

জাকস্‌র নিৰ্বাচিত অন্যদ্বারা  
 হলেন: এজিএস বাংলাদেশ ছাত্র  
 ঐক্য সমিতির ফারুক দেওয়ান  
 (৯৭ ৪৮ ভোট), মিলনায়তন  
 সম্পাদক: ছাত্রলীগ সু-নার এহে-  
 তামুল হক (৯৭ ১১ ভোট),  
 মহিলা মিলনায়তন সম্পাদক: ছাত্র  
 ইউনিয়নের মনিরা ইয়াসমীন (এক  
 হাজার ১৫ ভোট), সমাজসেবা  
 সম্পাদক: ছাত্র ঐক্য ফরুক  
 আজম সুঃ আবদুল সলাম (৯৭  
 ৫৩ ভোট), সামাজিক চিন্তাবিনো-  
 দন সম্পাদক: জাতীয় ছাত্রলীগের  
 রবার্ট রাসেল গোস্বামী (৯৭ ৩৮  
 ভোট), মাটা সম্পাদক: জাতীয়  
 ছাত্রলীগের শহিদুর রহমান (৯৭  
 ৭৪ ভোট), ক্রীড়া সম্পাদক: ছাত্র  
 ইউনিয়নের কামাল পাশা (৯৭ ৯৫  
 ভোট), সহ ক্রীড়া সম্পাদক:  
 জাতীয় ছাত্রলীগের মাহমুদ রাস্তাক  
 (৯৭ ভোট)।

নিৰ্বাচিত সদস্যরা হচ্ছেন: শামী  
 সুল আলম, আবদুল মোবছার  
 নান্দু, জাহাঙ্গীর আলম, মোজাম্মেল  
 হক ও সামসুর রহমান গান্দু।  
 ৬টি হল সংসদের ফল

ঘোষিত ফলাফল অনুযায়ী ৬টি  
 হল সংসদের মধ্যে মীর মোশাররফ  
 হোসেন হল, নওরোজ ফরুকেন্দ্র  
 হল, দুই নম্বর মহিলা হল ছাত্র  
 সংগ্রাম পরিষদ পূর্ণ প্যানেলে  
 জিতেছে। অন্যান্য হলগুলির মধ্যে  
 আল-বেরুনী হলে একটি সদস্য  
 পদে ছাত্রদল, বাকী সকল পদে ছাত্র  
 সংগ্রাম পরিষদ, শহীদ সাল্লাহ  
 বরকত হলে সহ-ক্রীড়া সম্পাদক

পদে ছাত্রদল বাকী সকল পদে ছাত্র  
 সংগ্রাম পরিষদ এবং কামাল উদ্দিন  
 হলে ভিপি, জিএস ও সহ-ক্রীড়া  
 সম্পাদক পদে ছাত্রদল, বাকী পদে  
 ছাত্র সংগ্রাম পরিষদ বিজয়ী হয়েছে।

ইল সংসদগুলিতে ভিপি এবং  
 জিএস পদে বিজয়ী হয়েছেন যথা-  
 কমে মীর মোশাররফ হোসেন  
 হল: আবদুল মান্নান ও তোমস-  
 স্কল হোসেন, আল-বেরুনী হল:  
 আবুল কালাম আরাড ও আবু  
 শহীদ মোঃ কামরুল আহসান,  
 শহীদ সাল্লাহ বরকত হল: আরি-  
 ফুজ্জামান ও শওকত ওসমান, নও-  
 রোব ফরুকেন্দ্র হল: সখ্য রায়  
 ও সাবিনা ইয়াসমিন, দুই নম্বর  
 মহিলা হল: অসলিমা আস্তার  
 পারভীন ও মঞ্জুরা সাল্লাহ খান  
 কামাল উদ্দিন হল: ওয়াহিদুজ্জা-  
 মান ও বজলে রাস্মী।

জাকস্‌ নিৰ্বাচনের ফল ঘোষণার  
 পর নিৰ্বাচিত কর্মকর্তারা বিশ্ব-  
 বিদ্যালয় শহীদ মিনারে পুষ্পাঞ্জলি  
 অর্পণ করেন। তারা সেখানে  
 কাম্পাস সন্ত্রাসমুক্ত ও ছাত্রছাত্রী-  
 দের সক্ষমকণী নিরসনের জন্যে  
 কাজ করার শপথ নেন। নিৰ্বাচিত  
 কর্মকর্তারা তাদের নিৰ্বাচিত  
 করার জন্যে ছাত্রছাত্রীদের ধন্যবাদ  
 জানান।

ছাত্রদলের অভিনন্দন  
 ছাত্রদল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যা  
 লয় শাখার নেতৃবৃন্দ নবনিৰ্বাচিত  
 জাকস্‌ ও হল সংসদ কর্মকর্তাদের  
 অভিনন্দন জানিয়েছেন। তারা  
 সূষ্ঠ ও নিরপেক্ষভাবে নিৰ্বাচন  
 অনুষ্ঠানের জন্য বিশ্ববিদ্যালয়  
 প্রশাসনকেও ধন্যবাদ জানান।

গতকাল জাকস্‌ নিৰ্বাচনের ফল  
 ঘোষণার পর কাম্পাসে আহুত  
 এক সংবাদ সম্মেলনে ছাত্রদল নেতৃ-  
 বৃন্দ এই অভিনন্দন জানান।

### ছাত্র সংগ্রাম পরিষদের অভিনন্দন

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ  
 নবনিৰ্বাচিত জাকস্‌ ও হল সংসদ  
 কর্মকর্তাদের অভিনন্দন জানিয়েছে।  
 সংগ্রাম পরিষদের এক বিবৃতিতে  
 বলা হয়: এটা এক ঐতিহাসিক  
 বিজয়।

ইউকস্‌র জিএস আবদুল সবার  
 সহ করেকজন কর্মকর্তা ও সদস্য  
 জাকস্‌র নিৰ্বাচিত কর্মকর্তাদের  
 অভিনন্দন জানান।